

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 26-11-2025**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবর:-**

- ১) সারা দেশের সঙ্গে এরাজ্যও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ৭৬-তম সংবিধান দিবস উদযাপিত হচ্ছে। এবারের সংবিধান দিবসের মূল ভাবনা আমাদের সংবিধান-আমাদের গর্ব।
- ২) রাজ্যপাল ডষ্টের সি ভি আনন্দ বোস বলেছেন, মুর্শিদাবাদের ভারত - বাংলাদেশ সীমান্তবর্তী ৭১ কিলোমিটার অংশে কাঁটা তারের বেড়া দেওয়ার বিষয়টি কেন্দ্র ও রাজ্যের মধ্যে সমন্বয়ের মাধ্যমেই নিরসন করতে হবে।
- ৩) নির্বাচন কমিশন এখন থেকে নতুন ভোটার কার্ড স্থানান্তর ও সংশোধনেও আধার কার্ড বাধ্যতামূলক করার নির্দেশ দিয়েছে।
- ৪) সারা দেশের সঙ্গে এরাজ্যও আজ বাঘ সুমারি শুরু হতে চলেছে।
- ৫) নতুন জমি ব্যবহার নীতি প্রণয়নে রাজ্য সরকার হাওড়া ও হগলী জেলার গ্রামাঞ্চলে বিস্তারিত সমীক্ষা করবে।
- ৬) কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে তাপমাত্রা নিম্নমুখী।

০০০০০০০০০০০০০০০০০০০

সারা দেশের সঙ্গে এরাজ্যও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ৭৬-তম সংবিধান দিবস উদযাপিত হচ্ছে। এবারের সংবিধান দিবসের মূল ভাবনা হামারা সংবিধান - হামারা স্বত্ত্বামান অর্থাৎ, আমাদের সংবিধান-আমাদের গর্ব। স্বাধীন ভারতে ১৯৪৯ সালের ২৬-শে নভেম্বর দেশের সংবিধান অনুমোদিত ও গৃহীত হয়। তবে, তা কার্যকর হয়েছিল, ১৯৫০ সালের ২৬-শে জানুয়ারী। এই উপলক্ষে মূল অনুষ্ঠানটি হবে নতুন দিল্লির সংবিধান সদনের সেন্ট্রাল হলে। রাষ্ট্রপতি প্রেসিডেন্সি মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, লোকসভার অধ্যক্ষ ওম বিরলা, কেন্দ্রীয় মন্ত্রিসভার সদস্য এবং সাংসদরা এতে যোগ দেবেন।

এরাজ্যও বিভিন্ন রাজনৈতিক দল, সংগঠন, সংস্থা ও প্রতিষ্ঠানের পক্ষ থেকে সংবিধান দিবস উদযাপনের প্রস্তুতি নেওয়া হয়েছে।

প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধানভবনে এই উপলক্ষে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

সংবিধানের মৌলিক অধিকার সম্পর্কে কলেজ পড়ুয়াদের অবহিত করার উদ্দেশ্যে সেন্ট্রাল ব্যৱৰো অফ কমিউনিকেশন কলকাতার আঞ্চলিক কার্যালয়, চুঁচুড়া শাখা ও দক্ষিণেশ্বরের হীরালাল মজুমদার মেমোরিয়াল কলেজ ফর উইমেন এর যৌথ উদ্যোগে কলেজে দুই দিন ব্যাপী কমিউনিকেশন ও আউটরিচ প্রোগ্রাম এর আয়োজন করা হয়েছে। এর অঙ্গ হিসেবে গতকাল কলেজ পড়ুয়াদের নিয়ে পোস্টার লেখা ও তাৎক্ষনিক বক্তৃতার আয়োজন করা হয়। উপস্থিতি ছিলেন সেন্ট্রাল ব্যৱৰো অফ কমিউনিকেশন, কলকাতার আঞ্চলিক কার্যালয়ের সহ অধিকর্তা সুমিতা চক্ৰবৰ্তী, কলেজের অধ্যক্ষা ডক্টর সোমা ঘোষ প্রমুখ। সংবিধানের উপর আজ বিশেষ আলোচনা, কুইজ প্রতিযোগিতা, দেড়শো বছরের বন্দেমাতরম নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। কলকাতার একবালপুরের গভর্নমেন্ট ডিগ্রি কলেজ ফর গার্লস এর ছাত্রীরাও অনুষ্ঠানে যোগ দিয়েছে। সংবিধানের মূল নির্যাস ভালোভাবে ছাত্র

ছাত্রীদের মধ্যে জানানোর লক্ষ্যই তাদের এই প্রয়াস বলে সুমিতা চক্রবর্তী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল ডষ্ট্রে সি ভি আনন্দ বোস বলেছেন, মূর্শিদাবাদের ভারত - বাংলাদেশ সীমান্তবর্তী ৭১ কিলোমিটার অংশে রাজ্য সরকার জমি না দেওয়ায় কাঁটা তারের বেড়া দেওয়া যাচ্ছে না বলে যে অভিযোগ উঠেছে, কেন্দ্র ও রাজ্যের মধ্যে সমন্বয়ের মাধ্যমেই সমস্যার নিরসন করতে হবে। রাজ্যপাল হিসেবে এই সমস্যার সমাধানে তিনি নিজেও উদ্যোগী হবেন বলে ডষ্ট্রে সি ভি আনন্দ বোস জানিয়েছেন। লালগোলার আটরসিয়া সীমান্ত পরিদর্শনের পর সাংবাদিকদের তিনি গতকাল বলেন, ওই কাঁটাতারহীন সীমান্ত দিয়ে অনুপ্রবেশের অভিযোগও জেলা প্রশাসন এবং বিএসএফ যৌথভাবে যাতে নিরসনের চেষ্টা করে তিনি তাও দেখবেন।

(বাইট - রাজ্যপাল)

রাজ্যপাল বলেন সাম্প্রতিকালে মূর্শিদাবাদ বহু অনভিপ্রেত ঘটনার কেন্দ্র হয়ে উঠেছে। আসন্ন বিধানসভা নির্বাচনের আগে এই ধরনের কার্যকলাপ সমাজে বিভাজন সৃষ্টি করবে বলেও তাঁর আশঙ্কা। সাংবিধানিক কাঠামোর মধ্যেই কড়া হাতে এই সব অসামাজিক কার্যকলাপ দমন করা হবে বলে স্পষ্ট জানিয়েছেন রাজ্যপাল। আটরশিয়ায় বিএসএফের আধিকারিক ও জওয়ানদের পাশাপাশি অপেক্ষমাণ গ্রামবাসীদের সঙ্গেও আলাপচারিতায় অংশ নেন তিনি। সেখান থেকে ফিরে বহরমপুর সার্কিট হাউসে রাত্রিবাস করেন তিনি।

এর আগে গতকাল সকালে রাজ্যপাল জিয়াগঞ্জে সঙ্গীত শিল্পী অরিজিং সিং এর মায়ের নামাঙ্কিত এক প্রতিষ্ঠানের সঙ্গীত ও নাট্য কর্মশালায় যোগ দেন।

০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন, এখন থেকে নতুন ভোটার কার্ড, স্থানান্তর এবং সংশোধনের আবেদনেও আধার কার্ড বাধ্যতামূলক করার নির্দেশ দিয়েছে। এতদিন নতুন ভোটার কার্ডের আবেদন জানানোর ৬ নম্বর, স্থানান্তরের জন্য ৭ এবং সংশোধনের আবেদন জানানোর ৮ নম্বর ফর্মে আধার জমা দেওয়া ঐচ্ছিক ছিল। নতুন নির্দেশিকায় তা বাধ্যতামূলক করা হয়েছে।

নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, ২৭ অক্টোবর যে বারোটি রাজ্যে একযোগে এস আই আর প্রক্রিয়া চালুর নির্দেশিকা জারি হয়েছিল, সেখানে অনলাইন এনুমারেশন ফর্ম পূরণ করতে ভোটার কার্ড ও আধার—দুটির সঙ্গেই আবেদনকারীর ফোন নম্বর লিঙ্ক থাকা বাধ্যতামূলক করা হয়। সেই নির্দেশ খতিয়ে দেখেই আরও কঠোর নীতি প্রণয়নের জন্য কমিশনের এই পদক্ষেপ।

০০০০০০০০০০০০০০০০০০০

পাঁচজনের পরিবর্তে দলের দশজন সাংসদ আগামী শুক্রবার নতুন দিল্লিতে জাতীয় নির্বাচন কমিশনের দপ্তরে যাবেন বলে জানিয়ে তৃণমূল কংগ্রেস, নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছে। এ ব্যাপারে সাংসদদের নামের তালিকাও চিঠিতে পাঠানো হয়েছে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে লেখা সাংসদ ডেরেক ও ব্রায়ানের এই চিঠি লিখেছেন। তিনি নিজে এবং সাংসদ শতাব্দী রায়, কল্যাণ বন্দ্যোপাধ্যায়, দোলা সেন, প্রতিমা মন্ডল, সাজদা আহমেদ, মমতাবালা ঠাকুর, মহ্যা মৈত্র, সাকেত গোখলে, প্রকাশ চিক বড়াইক যাবেন বলে চিঠিতে উল্লেখ করা হচ্ছে।

উল্লেখ্য, রাজনৈতিক দলগুলির সঙ্গে সম্পর্ক দৃঢ় করার লক্ষে নির্বাচন কমিশন যে উদ্যোগ নিয়েছে, তারই অঙ্গ হিসেবে তৃণমূল কংগ্রেসের ৫ সদস্যের এক প্রতিনিধি দলকে ২৮-শে নভেম্বর শুক্রবার সকাল ১১-টায় বৈঠকের সময় দিয়েছে কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩০ শে নভেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আংগুলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য [www.newsonair.gov.in](http://www.newsonair.gov.in) -এ পাওয়া যাবে।

আবেদন জানানোর শেষ তারিখ, ১৫'ই ডিসেম্বর।

০০০০০০০০০০০০০০০০০০০

সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ বাঘ সুমারি শুরু হতে চলেছে। এজন্য

দক্ষিণ ২৪ পরগনা বনবিভাগের অধীন সুন্দরবনে ক্যামেরা বসানোর কাজ শুরু হয় গতকালই। ৩০-শে নভেম্বর পর্যন্ত এই ক্যামেরা বসানো হবে। এবারের গণনার কাজে ব্যবহার করা হবে ১৬০ জোড়া ক্যামেরা।

একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – অভিজিত)

০০০০০০০০০০০০০০০০

নতুন জমি ব্যবহার নীতি প্রনয়ণে রাজ্য সরকার হাওড়া ও ভগুলী জেলার গ্রামাঞ্চলে বিস্তারিত সমীক্ষা শুরু করতে চলেছে। কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি - কেএমডিএ দুই জেলার প্রায় ২১৫ বর্গকিলোমিটার গ্রামীণ এলাকা জুড়ে বিস্তৃত সমীক্ষা করবে। দ্রুত নগরায়নের ফলে ওই সব এলাকার বদলে যাওয়া জনজীবন ও পরিকাঠামোর প্রকৃত ছবি তুলে ধরতেই এই উদ্যোগ।

এই সমীক্ষার মূল উদ্যেশ্য জমির সঠিক ব্যবহার এবং অপরিকল্পিত নগরায়ন আটকানো। কেএমডিএর সমীক্ষক দল দুই জেলার গ্রামে গ্রামে ঘুরে মানুষের জীবনযাত্রার মান খতিয়ে দেখবে। কাজ শুরু হলে ৩২ সপ্তাহের মধ্যে সমীক্ষা শেষ করার লক্ষ্য রাখা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০

রাজ্যের হেরিটেজ স্থাপত্যগুলি সংস্কার করে নিয়মিত রক্ষণাবেক্ষনের জন্যে রাজ্য হেরিটেজ কমিশন মোট সাতাশটি বিশেষজ্ঞ সংস্থার নাম তালিকাভুক্ত করেছে। পশ্চিমবঙ্গ ছাড়াও মুস্বাই, দিল্লি, উত্তরপ্রদেশের কয়েকটি সংস্থার নাম এই তালিকায় রয়েছে।

প্রস্তাবিত হেরিটেজ স্থাপত্যগুলি সংস্কারের জন্য এই সব সংস্থা ডিপিআর তৈরি করবে। তিনি বছরের জন্যে সংস্থাগুলির এই তালিকা বৈধ থাকবে।

উল্লেখ্য ২০০১ সালে রাজ্য বিধানসভায় পাশ হওয়ার পরে রাজ্যের প্রাক্তন মুখ্যসচিব আই এ এস আধিকারিক আলাপন বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে কমিশনের মোট বাইশ জনের কমিটি ২০০৫ সাল থেকে কাজ শুরু করে।

০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজ ও আগামীকাল তাপমাত্রার পারদ স্বাভাবিকের থেকে কিছুটা কম থাকবে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৬ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের চেয়ে ১ দশমিক ৭ ডিগ্রী কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও স্বাভাবিকের থেকে প্রায় তিন ডিগ্রি কম রেকর্ড করা হয়েছে। পশ্চিমে জেলাগুলিতেও তাপমাত্রার পারদ কিছুটা কম থাকবে বলে আবহাওয়া দণ্ডের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন। তবে এরপর আবার বাড়বে তাপমাত্রা।

## বাইট

এদিকে, মালাঙ্কা প্রণালীর ওপর অবস্থান করা সুস্পষ্ট নিম্নচাপটি গতকালই গভীর নিম্নচাপে পরিণত হয়। আগামী ২৪ ঘন্টায় তা আরো ঘনীভূত হওয়ার সম্ভাবনা রয়েছে তবে এর কোন প্রত্যক্ষ প্রভাব এ রাজ্যের উপর পড়ার সম্ভাবনা নেই ।।

০০০০০০০০০০০০০০০০০০০

রক্ষণাবেক্ষণ কাজের জন্য আজ ( 26.11.25) রাত ১১ টা ৪৫ মিনিট থেকে আগামীকাল ( 27.11.25) ভোর রাত তিনটে ৩০ মিনিট পর্যন্ত মোট ২২৫ মিনিট শিয়ালদা ও বিধাননগর রোড স্টেশনের মধ্যে ১ নম্বর ব্রিজের ৫ নম্বর লাইনে ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এই কারণে আজ (26.11.25) আপ ও ডাউন শিয়ালদা - নেহাটি লোকাল বাতিল থাকবে। এছাড়া শান্তিপুর - শিয়ালদা লোকাল ব্যারাকপুর স্টেশনে এবং বনগাঁ - শিয়ালদা লোকাল দম দম ক্যান্টনমেন্ট

স্টেশনে যাত্রা শেষ করবে। আগামীকাল শিয়ালদা - শান্তিপুর লোকাল ব্যারাকপুর থেকে এবং শিয়ালদা - বনগাঁ লোকাল ক্যান্টনমেন্ট স্টেশন থেকে ছাড়বে। শিয়ালদা - লালগোলা প্যাসেঞ্জার শিয়ালদা থেকে ভোর রাত ৩ টে ৪৫ মিনিটের পরিবর্তে চারটে ১৫ মিনিটে ছাড়বে বলে রেল সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ব্যারাকপুর কমিশনারেট এলাকার সোদপুর বিটিরোড থেকে মধ্যমগ্রাম যাবার জন্য আর ও বি রেলওভার ব্রিজের সংস্কারের জন্য আগামী কয়েক সপ্তাহের জন্য যানচলাচল একমুখী করা হয়েছে। মধ্যমগ্রামের দিক থেকে ব্রিজ পেরিয়ে সোদপুর বিটিরোডে আসা যাবে কিন্তু বি টি রোডের উপর সোদপুর মোড় থেকে ব্রিজ পেরিয়ে মধ্যমগ্রামগামী রাস্তায় যাওয়া যাবে না। পরিবর্তে সমস্ত যানবাহন বিটিরোডের উপর গীর্জা মোড় থেকে আট নম্বর রেলগেট পেরিয়ে রাসমণি মোড় হয়ে ডানদিকে বেঁকে কেয়ামোড়, এপেলো ফার্মেসী, অমরাবতী হয়ে মধ্যমগ্রাম রোড ধরবে। যানবাহনের ভীড় নিয়ন্ত্রনের জন্য গীর্জা মোড় থেকে আট নম্বর রেল গেট পেরিয়ে রাসমনি মোড়ের দিকে একমুখী গাড়ি চলাচল থাকবে। উলটোদিকে কোনো গাড়ি রাসমনি মোড় থেকে গীর্জা মোড়ের দিকে আসবে না। যানচলাচলের সাময়িক অসুবিধার জন্য পুলিশের পক্ষ থেকে দুঃখ প্রকাশ করা হয়েছে। সকল প্রকার চালক ও আরোহীদের কাছে সহযোগিতা কামনা করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০